

(প্রেস বিজ্ঞপ্তি)

১৭ অক্টোবর ২০২২ খ্রি.

চসিক ভ্রাম্যমাণ আদালত  
এডিস মশার বংশ বিস্তারে এবং রাস্তায় নির্মাণ সামগ্রী রাখার দায়ে  
৮ ব্যক্তিকে ৬১ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ সোমবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পাঁচলাইশ আবাসিক এলাকা ও আমিরবাগ আবাসিক এলাকায় ডেঙ্গুর বংশ বিস্তার প্রতিরোধে বিভিন্ন বাড়ীর ছাদ বাগান ও নির্মাণাধীন ভবন পরিদর্শন করেন। এই সময় তিনটি নির্মাণাধীন ভবনের নীচে ও তিনটি বাড়ীর ছাদ বাগানে এডিস মশার বংশ বিস্তারে জমাটবদ্ধ পানির উৎস খুঁজে পাওয়ায় ভবন মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৪৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। এতে অংশ নেন সিটি মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম।

অপর এক অভিযানে স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন পরিচালিত অভিযানে নগরীর রহমান নগর আবাসিক এলাকায় সড়ক দখল করে অবৈধভাবে নির্মাণ সামগ্রী রেখে জনসাধারণের চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ২ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১৬ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩